



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/টাঙ্গাইল-৯৭/ ১৭২৫/৬

তারিখঃ ২৫/০১/২০১৮খ্রিঃ

বিষয়ঃ মাদ্রাসার নামে জমি বিক্রয় পূর্বক পুনরায় ক্রয়ের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ ১) স্মারক নং- ০৫.৩০.৯৩০০.০০৬.০০১.০০৪.১৭-৬০৫; তারিখঃ ১৩ ডিসেম্বর ২০১৭
২) নং-বামাশিবো/প্রশাসন/টাঙ্গাইল-৯৭/২৭১২/৬; তারিখঃ ০৯/১০/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার ঘাটাইল উপজেলাধীন সিংগুরিয়া দাখিল মাদ্রাসার সুপার মাদ্রাসার নামে ১৭ শতাংশ জমি যা মাদ্রাসা থেকে দূরে অবস্থিত, তা বিক্রি করে মাদ্রাসার মাঠ সংলগ্ন (একই দাগে) ১০ শতাংশ জমি ক্রয় করার অনুমতি চেয়ে কমিটির সভার রেজুলেশনসহ আবেদন করেন।

আবেদনের প্রেক্ষিতে মাদ্রাসাটি সরজমিনে পরিদর্শন করে উল্লিখিত বিষয়ে সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য জেলা প্রশাসক, টাঙ্গাইলকে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসক, টাঙ্গাইল, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), টাঙ্গাইল এর মাধ্যমে মাদ্রাসাটি পরিদর্শন পূর্বক সূত্রোক্ত ১নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, সিংগুরিয়া মৌজার ৭নং খতিয়ানের এস.এ ৪৩৮ দাগের ১০ (দশ) শতক এবং ৭৪২ দাগে ০৭ (সাত) শতক মোট ১৭ (সতের) শতক জমি বিক্রি করে মাদ্রাসা সংলগ্ন একই মৌজার এস.এ ০৭ নং খতিয়ানের হাল দাগ নং- ১০৬৬ এর ১০ (দশ) শতক জমি মাদ্রাসার নামে বিদ্যমান বিধি-বিধান অনুসরণপূর্বক ক্রয়ের অনুমতি দেয়া যেতে পারে মর্মে মতামত প্রদান করা হয়েছে।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানের স্বার্থে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৪১ অনুসরণ পূর্বক ১৭ শতাংশ জমি বিক্রয় করে মাদ্রাসার মাঠ সংলগ্ন (একই দাগে) ১০ শতাংশ জমি ক্রয় করার অনুমতি প্রদান করা হলো।


চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


25.01.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮



প্রাপকঃ সুপার, সিংগুরিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর- সিংগুরিয়া, ঘাটাইল, টাঙ্গাইল।

নং-বামাশিবো/প্রশাসন/টাঙ্গাইল-৯৭/

তারিখঃ ১০/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, টাঙ্গাইল।
২. উপজেলা নির্বাহী অফিসার, ঘাটাইল, টাঙ্গাইল।
৩. জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
৪. সভাপতি-ম্যানেজিং কমিটি, সিংগুরিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর- সিংগুরিয়া, ঘাটাইল, টাঙ্গাইল।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪